# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫৯

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ১৩. অসুস্থ ব্যক্তির ওয়াসীয়াত

باب وَصِيَّةِ الْمَرِيضِ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ حَدَّثَنَا أَبُو شِهَابٍ عَنْ عَمْرٍو عَنْ الْحَسَنِ فِي رَجُلٍ قَالَ لِغُلَامِهِ إِنْ دَخَلْتُ دَارَ فُلَانٍ فَغُلَامِي حُرٌّ ثُمَّ دَخَلَهَا وَهُوَ مَرِيضٌ قَالَ يُعْتَقُ مِنْ الثُّلُثِ وَإِنْ دَخَلَ فِي صِحَّتِهِ عُتِقَ مِنْ جَمِيعِ الْمَالِ

## বাংলা

৩২৫৯. আমর হতে বর্ণিত, কোন ব্যক্তি তার দাসকে বললো, আমি যদি অমুকের ঘরে প্রবেশ করি, তবে আমার দাস মুক্তি লাভ করবে। এরপর সেই লোকের অসুস্থ অবস্থায় সে তার নিকট প্রবেশ করল- এ ব্যক্তি সম্পর্কে হাসান (রহঃ) বলেন, সে লোক তাকে এক তৃতীয়াংশ সম্পদ হতে মুক্তিদান করবে। আর যদি সে তার সুস্থ অবস্থায় তার নিকট যায়, তবে তার পুরো সম্পদ দান করে হলেও গোলামকে মুক্তি দান করতে হবে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ আমরের কারণে, তিনি ইবনু উবাইদ ইবনু বাব। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: দেখুন, ইবনু আবী শাইবা ৬/৪৯৫, ৪৯৬ নং ১৮১০, ১৮১৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন